

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৩, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই শ্রাবণ ১৪১১/১লা আগস্ট ২০০৮

এস, আর, ও নং ২৩৮-আইন/২০০৮।—যেহেতু সরকার বগুড়া জেলার সোনাতলা মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাসমূহকে কর্তন (Curtail) করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সংকোচন করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করার জন্য বগুড়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে কর্তন (Curtail) করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সংকোচন করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত সোনাতলা মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে কর্তন (Curtail) করিয়া উহার সীমানা সংকোচন করিবার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার সোনাতলা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) ঘোষণা সংক্রান্ত এস, আর, ও, নং ৮২-আইন/২০০১,

(৪৭৩৭)

মূল্য : টাকা ১.০০

তারিখ ২৫শে চৈত্র, ১৪০৭ বঙ্গাব্দ মোতাবেক ৮ই এপ্রিল, ২০০১ খ্রিস্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এর তফসিলে উল্লিখিত এলাকা হইতে নিম্ন তফসিলে বর্ণিত এলাকা কর্তন (Curtail) করিয়া সোনাতলা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) এর সীমানা সংকোচন করিল।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে, এল, নং	দাগ নম্বর
১	২	৩	৪	৫
১	বালুয়া	বাগবাড়ী	০১	০১-১৬৫৮
২	বালুয়া	দীঘিরপাড়া	০২	০১-৪৪৩
৩	বালুয়া	আগা বড়গাছা	০৩	০১-১২৮৬
৪	বালুয়া	গাবার পাড়া	০৪	০১-৫৪৭
৫	সোনাতলা	কাবিলপুর	২৬	২৮-১১৬

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।